# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

শিক্ষণীয় বিষয়সমূহ -২৩ (العبر -২৩)

(১) হক ও বাতিলের চূড়ান্ত পরীক্ষায় আমীর ও মামূরকে সর্বোচ্চ ভালোবাসা ও অটুট আনুগত্যের বন্ধনে দৃঢ় থাকতে হয়। জিহাদের ময়দানে ও সমাজ জীবনে এটি সমভাবে প্রযোজ্য।

(২) আল্লাহভীরু ও নির্লোভ আমীরের সাথে দুনিয়াদার ও লোভী কর্মী টিকে থাকতে পারে না। ইবনে উবাই ও তার সাথীদের পৃষ্ঠ প্রদর্শন তার জাজ্বল্যমান প্রমাণ।

(৩) দুনিয়াবী লোভ সৎ ও বিশ্বস্ত কর্মীকেও সাময়িকভাবে প্রতারিত করে। যা সর্বোচ্চ ক্ষতির কারণ হয়ে থাকে। বিশ্বস্ত তীরন্দাযদের পদস্খলন তার বাস্তব প্রমাণ।

(৪) ভাল ও মন্দ বাছাইয়ের জন্য হকপন্থী সংগঠনের উপর মাঝে-মধ্যে আল্লাহর পক্ষ থেকে পরীক্ষা নেমে আসে। ওহোদের সাময়িক বিপর্যয় আমাদের সেই শিক্ষা দেয়।

(৫) জান্নাত পিয়াসী মোখলেছ নেতা-কর্মীরাই সর্বদা আখেরাতে বিজয়ী হয়ে থাকে। ওহোদের মত শত বাধা পেরিয়েও ইসলামের অগ্রযাত্রা তার বাস্তব প্রমাণ।

(৬) ইসলামী বিজয়ের জন্য আল্লাহর উপরে দৃঢ় নির্ভরশীলতা সর্বাপেক্ষা যরূরী।

(৭) বাতিলপন্থী যত শক্তিধরই হৌক, নৈতিক শক্তির কারণে ইসলামপন্থীদের সামনে তারা সর্বদা দুর্বল। আবু সুফিয়ানের নীরব পশ্চাদ্গমন তার প্রকৃষ্ট প্রমাণ।

(৮) দুনিয়া ও আখেরাতে বিজয় কেবল আল্লাহভীরুদের জন্যই নির্ধারিত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5488

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন